# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর-১৭০৪

সূত্র নং-৩৬(০০৩) জাতী: বি:/ এমফিল পিএইচডি/ ২০০৬/১/২৭৫১ তারিখ: ০১/০৬/২০২৩

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে

# ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

**জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ০৮/০৬/২০২৩ থেকে ০৯/০৭/২০২৩ তারিখ রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ১৩ জুলাই ২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।**

| গ্রুপ | এমফিল প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ | পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ |
|---|---|---|
| আর্টস | বাংলা, ইংরেজি, আরবি, সংস্কৃত, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন | বাংলা, ইংরেজি, আরবি, পালি, সংস্কৃত, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান |
| লাইফ এন্ড আর্থ সায়েন্স | উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান | উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান |
| বিজনেস স্টাডিজ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং |

বাংলাদেশের সমাজ চাহিদা ও উন্নয়ন, সাংস্কৃতিক ঐতিহ্য, জাতিরাষ্ট্র গঠন প্রক্রিয়া, মহান মুক্তিযুদ্ধ, রাজনৈতিক/অর্থনৈতিক উন্নয়ন, ব্যবসা বাণিজ্য উন্নয়ন ও সম্প্রসারণ, শিক্ষা ও সামাজিক চ্যালেঞ্জসমূহের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মকে অগ্রাধিকার দেওয়া হবে।

**১. ভর্তির যোগ্যতা**

**ক. এমফিল ভর্তির ক্ষেত্রে**

এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর বা সিজিপিএ ২.৫০ থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় গড়ে ন্যূনতম ৫০% নম্বর বা সিজিপিএ ২.৫০ অর্জনকারী শিক্ষার্থীগণও আবেদন করতে পারবেন। এছাড়া ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ শিক্ষকদের মধ্যে যাদের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় গড়ে ন্যূনতম ৫০% নম্বর বা সিজিপিএ ২.৫০ রয়েছে তারা আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিষয়ে ভর্তির ক্ষেত্রে ম্যানেজমেন্ট এবং মার্কেটিং বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারীগণ আবেদন করতে পারবেন।

অথবা

৩ বছর মেয়াদি স্নাতক (পাস)-সহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় পৃথকভাবে কমপক্ষে ৫৫% বা সিজিপিএ ২.৭৫ থাকতে হবে। তবে বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে ৫০% নম্বর বা সিজিপিএ ২.৫০ প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রিধারীগণ আবেদন করতে পারবেন।

**খ. পিএইচডি ভর্তির ক্ষেত্রে**

i. জাতীয় বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের অন্য যে-কোনো পাবলিক ও প্রাইভেট (ইউজিসি অনুমোদিত) বিশ্ববিদ্যালয় থেকে এমফিল/সমমান ডিগ্রি অথবা বিদেশের কোনো বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম সিজিপিএ ৩.০০ প্রাপ্ত মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে।

অথবা

ii. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন-ক্যাম্পাস এডভান্সড এমবিএ ও এমএএস ডিগ্রি প্রাপ্তদের মধ্যে যাদের সিজিপিএ ৩.০০ এবং স্বীকৃত জার্নালে ন্যূনতম একটি প্রকাশনা রয়েছে তারা পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।

অথবা

iii. জাতীয় বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের অন্য যে-কোনো পাবলিক ও প্রাইভেট (ইউজিসি অনুমোদিত) বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ প্রতিষ্ঠানের শিক্ষক, যাদের শিক্ষা-জীবনে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তরসহ ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/ শ্রেণি বা সিজিপিএ ৩.০০ এবং ৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতাসহ দেশি-বিদেশি স্বীকৃতমানের জার্নালে ন্যূনতম ১টি গবেষণামূলক প্রকাশনা রয়েছে (এক্ষেত্রে প্রার্থীকে প্রবন্ধের মূল লেখক বা First Author হতে হবে) তারা সরাসরি পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বাংলা ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শিক্ষাজীবনে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে যে-কোনো ১টিসহ ন্যূনতম ২টি প্রথম বিভাগ/ শ্রেণি থাকতে হবে।

iv. সমমানের পরীক্ষায় পাশ করা বিদেশের শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী পূর্ণকালীন গবেষক হিসেবে এমফিল/পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন।

**২. শর্তাবলি**

ক. প্রার্থী শুধু তার স্নাতকোত্তর পর্যায়ে পঠিত বিষয়ে অথবা সংশ্লিষ্ট বিষয়ে এমফিল ডিগ্রি থাকা সাপেক্ষে পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। বোর্ড অব এডভান্সড স্টাডিজ এবং একাডেমিক কাউন্সিল বিষয়ের সংশ্লিষ্টতা নিরূপণ করবে।

খ. ভর্তিচ্ছু গবেষকদের অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদনকারীদের লিখিত পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও শিক্ষাজীবনে বিভিন্ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তির জন্য চূড়ান্ত মেধা-তালিকা প্রণয়ন করা হবে। উল্লেখ্য যে, অন-লাইন আবেদনের সময় আবেদনকারীকে যথোপযুক্ত শিরোনাম নির্ধারণসহ সুনির্দিষ্ট গবেষণা পদ্ধতি অনুসরণপূর্বক ২০০০ শব্দের মধ্যে গবেষণা প্রস্তাবনা এবং প্রস্তাবিত তত্ত্বাবধায়কের নামসহ আবেদন করতে হবে। উক্ত গবেষণা প্রস্তাবনার উপর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ. এমফিল প্রোগ্রামে প্রথম বর্ষের তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.২৫, গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এই মর্মে সুপারভাইজারের সুপারিশ এবং এমফিল কোর্সওয়ার্ক চলাকালীন স্বীকৃতমানের জার্নালে ন্যূনতম ১টি গবেষণামূলক প্রকাশনা থাকলে গবেষক পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসরণপূর্বক এমফিল গবেষককে পিএইচডি প্রোগ্রামে স্থানান্তর করা যাবে।

**৩. প্রোগ্রামের মেয়াদ**

এমফিল প্রোগ্রামের মেয়াদ এক বছরের কোর্সওয়ার্কসহ ০২ (দুই) বছর এবং পিএইচডি প্রোগ্রামের মেয়াদ ০৩ (তিন) বছর।

৪. এমফিল প্রোগ্রামে ১টি এবং পিএইচডি প্রোগ্রামে ২টি সেমিনার প্রদান করতে হবে।

৫. পিএইচডি প্রোগ্রামে যারা সরাসরি ভর্তির জন্য মনোনীত হবেন তাদেরকে সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের এমফিল গবেষকগণের সাথে কোর্সওয়ার্ক সম্পন্ন করতে হবে।

**৬. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলি**

**ক.** এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত গবেষকদের মধ্যে যারা কলেজ/ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, তাদেরকে বিধি অনুযায়ী মাসিক নির্ধারিত হারে ফেলোশিপ দেওয়া হবে। ফেলোশিপ প্রদানের ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য হবে না।

**খ.** কলেজ/ বিশ্ববিদ্যালয় শিক্ষক ব্যতীত সাধারণ গবেষকদের মধ্যে যারা এমফিল প্রোগ্রামে কোর্সওয়ার্ক পরীক্ষায় ৪ স্কেলে জিপিএ ৩.২৫ প্রাপ্ত হবেন, তাদেরকে ১(এক) বছরের জন্য মাসিক নির্ধারিত হারে ফেলোশিপ দেওয়া হবে।

**গ.** ফেলোশিপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে। চাকুরিরত প্রার্থীদের মধ্যে যারা ফেলোশিপ ব্যতীত ভর্তি হবেন তাদের ক্ষেত্রে কোর্সওয়ার্ক চলাকালীন ১ বছরের শিক্ষাছুটি নিতে হবে।

**ঘ.** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে চাকুরিরত প্রার্থীদের মধ্যে যারা ফেলোশিপ ব্যতীত ভর্তি হবেন তারা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোর্সওয়ার্ক কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং কোর্সওয়ার্ক পরীক্ষার ফলাফল ও গবেষণার সন্তোষজনক অগ্রগতির প্রতিবেদনের ভিত্তিতে গবেষণা প্রকল্পের তথ্যসংগ্রহ ও অন্যান্য কার্যাদি সম্পাদনের জন্য এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা গবেষণা মঞ্জুরি পাওয়ার জন্য বিবেচিত হবেন।

**ঙ.** প্রতিটি বিষয়ে এমফিল প্রোগ্রামে ৫ জন এবং পিএইচডি প্রোগ্রামে ৫ জন গবেষককে ফেলোশিপ দেওয়া হবে। পিএইচডি প্রোগ্রামে প্রার্থী না থাকলে পিএইচডি প্রোগ্রামের জন্য নির্ধারিত ফেলোশিপের সংখ্যা এমফিল প্রোগ্রামের সাথে এবং এমফিল প্রোগ্রামে প্রার্থী না থাকলে এমফিল প্রোগ্রামের জন্য নির্ধারিত ফেলোশিপের সংখ্যা পিএইচডি প্রোগ্রামের সাথে যুক্ত ও সমন্বিত হবে।

**৭. অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড**

**ক.** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Master's Tab** এ গিয়ে **Apply Now ( M.Phil/ Ph.D)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান)/মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

**খ.** সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

**গ.** প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/ অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120x150 pixels, Image Type: jpg, maximum file size: 50Kb.**

**৮. পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড**

**ক.** পে-স্লিপ **Print** করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেওয়া হবে। এ পর্যায়ে প্রার্থী তার পে-স্লিপে উল্লিখিত রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login (M.Phil/ Ph.D)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবেন। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার ৪৮ ঘণ্টার মধ্যে কোন প্রার্থী **SMS** না পেলে সংশ্লিষ্ট গ্রুপের চেয়ারম্যানকে জানাতে হবে।

**খ. প্রাথমিক আবেদন ফি ব্যতীত কোন প্রার্থীকে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। আবেদন ফরম পেতে নিম্নের নির্দেশনাটি ধারাবাহিকভাবে অনুসরণ করুন :**

**Online Form** → **Download & Print Pay Slip** → **Submit it to Bank** → **Get SMS from Bank & NU** → **After Getting SMS from NU Download Application Form & Print (Using Roll No. & Pin)**

গ. প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login ( M.Phil/ Ph.D)** করে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেওয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিক আবেদন ফরমের যে-কোনো ত্রুটি সংশোধন করা যাবে।

## ৯. ভর্তি পরীক্ষা (লিখিত এবং মৌখিক) বিষয়ে করণীয়

**ক.** এমফিল ও পিএইচডি ভর্তির লিখিত পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে এবং মৌখিক পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়ে (বাড়ি নং ৫৮, রোড নং-৮/এ, ধানমণ্ডি, ঢাকা) অনুষ্ঠিত হবে।

**খ.** আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময় গবেষণা প্রস্তাবনা, সকল পরীক্ষার সনদ ও নম্বরপত্রের কপি, সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি জমা রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমের কপি সঙ্গেঁ রাখতে হবে।

**গ.** ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যান-এর দপ্তরে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, ভুল তথ্য উপস্থাপনের মাধ্যমে মেধাতালিকায় স্থানপ্রাপ্ত হয়ে ভর্তি হলে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

| ১০. | | **প্রাথমিক আবেদন ও ভর্তির সময়সূচি** | |
|---|---|---|---|
| | ক. | **ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ** | **০১/০৬/২০২৩** |
| | খ. | **অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ** | **০৮/০৬/২০২৩ থেকে ০৯/০৭/২০২৩** |
| | গ. | **সোনালী সেবার টাকা জমাদান<br>প্রার্থী প্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে Pay Slip এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮১১০০০০২৭০১ (এমফিল/পিএইচডি খাত) উল্লেখপূর্বক টাকার অঙ্ক লেখা থাকবে।** | **১২/০৬/২০২৩ থেকে ১৩/০৭/২০২৩** |
| | ঘ. | **লিখিত পরীক্ষার তারিখ<br>(ভর্তি পরীক্ষার স্থান: বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস)** | **১৯/০৭/২০২৩**<br>(বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত) |
| | ঙ. | **লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ** | **২৬/০৭/২০২৩** |
| | চ. | **সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার তারিখ** | **৩০/০৭/২০২৩ থেকে ০৩/০৮/২০২৩<br>(সময়-বিকাল ৪.০০ টা )** |
| | ছ. | **মেধা তালিকা প্রকাশ** | **০৯/০৮/২০২৩** |
| | জ. | **পে-স্লিপ ডাউনলোড ও ভর্তির তারিখ** | **১৪/০৮/২০২৩ থেকে ২৪/০৮/২০২৩** |
| | ঝ. | **কোর্সওয়ার্ক / গবেষণা কার্যক্রম শুরুর তারিখ**<br>(কোর্সওয়ার্ক জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে পরিচালিত হবে।) | **৩০/০৮/২০২৩** |

**১১.** নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

**১২.** ভর্তি বিজ্ঞপ্তির যে-কোনো শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অনিবার্য কারণে ভর্তির সময়সূচি পরিবর্তন করার প্রয়োজন হলে তা আবেদনকারীদের আগে থেকেই **SMS** বা টেলিফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

বি.দ্র. ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://www.nu.ac.bd/admissions**–এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির চেয়ারম্যানের সাথে নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবে। আর্টস গ্রুপ- ০১৭১৫-১৩৮৬২৫; সোশ্যাল সায়েন্স গ্রুপ- ০১৯১১০১০১৩০; ন্যাচারাল সায়েন্স গ্রুপ ০১৭৪২-৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ- ০১৮১৯-২৪৮৫৬৩ এবং বিজনেস স্টাডিজ গ্রুপ- ০১৭১২-১১২৮৯৯। অনলাইনে আবেদনের সময় কোনো টেকনিক্যাল সমস্যা দেখা গেলে সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল-এ ০১৮১৯-২৪৮৫৬৩ নম্বরে যোগাযোগ করা যাবে।

০১.০৬.২০২৩

**(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)**
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র নং- ৩৬(০০৩) জাতী: বি:/ এমফিল পিএইচডি/ ২০০৬/১/২৭৫১ তারিখ : ০১/০৬/২০২৩

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. সকল বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় [**বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।**
৭. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। [**বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**]
৮. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. অফিস কপি / নোটিশ বোর্ড

০১.০৬.২০২৩

**(মোঃ শহীদুর রহমান)**
উপ-রেজিস্ট্রার
এমফিল এন্ড পিএইচডি ইউনিট
মোবাইল : ০১৭৯৬২৮৪৫৯৭